



ছাত্রদলে সম্পৃক্ত থাকায় পদোন্নতি থেকে বঞ্চিত ডিআইজি নজমুল হোসেন দিদার



ডিআইজি নজমুল হোসেন দিদার। ছবি: সংগৃহীত

দীর্ঘ দুই দশক ধরে পদোন্নতি ও যথাযথ মূল্যায়ন থেকে বঞ্চিত থাকা বিসিএস (পুলিশ) ১৮ ব্যাচের কর্মকর্তা নজমুল হোসেন দিদার অবশেষে আশার আলো দেখছেন। ন্যায্য স্বীকৃতির অপেক্ষায় এক নিরলস সংগ্রামী পুলিশ কর্মকর্তা।

নজমুল হোসেন দিদার ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের জসিম উদ্দীন হলের একজন শিক্ষার্থী। ছাত্রজীবনে তিনি ছাত্রদলের রাজনীতির সঙ্গে সক্রিয়ভাবে যুক্ত ছিলেন এবং নেতৃত্বের ভূমিকায় ছিলেন। এই রাজনৈতিক পরিচয়ের কারণেই তৎকালীন আওয়ামী লীগ সরকারের আমলে তিনি দীর্ঘ প্রায় ২০ বছর ধরে একই পদে এডিশনাল এসপি হিসেবেই সীমাবদ্ধ ছিলেন। ছাত্রজীবন থেকে শুরু করে কর্মজীবন পর্যন্ত নানা প্রতিকূলতার মধ্যেও তিনি নিষ্ঠা ও সততার সঙ্গে দায়িত্ব পালন করে গেছেন।

দীর্ঘ সময় ধরে পদোন্নতি থেকে বঞ্চিত থাকলেও তিনি কখনো দায়িত্ব পালনে অবহেলা করেননি। ট্র্যারিস্ট পুলিশে কর্মরত অবস্থায়ও তিনি সততা, শৃঙ্খলা ও পেশাদারিত্বের সঙ্গে নিজের ওপর অর্পিত দায়িত্ব পালন করেছেন। সহকর্মী ও সংশ্লিষ্ট মহলে তার কর্মদক্ষতা ও নিষ্ঠার বিষয়ে প্রশংসাও রয়েছে।

সাম্প্রতিক সময়ে রাজনৈতিক পরিবর্তনের প্রেক্ষাপটে বিএনপি সরকার গঠিত হওয়ায় তিনি নতুন করে আশাবাদী হয়ে উঠেছেন। তার বিশ্বাস, বর্তমান সরকার তার দীর্ঘদিনের ত্যাগ, নিষ্ঠা ও বঞ্চনার বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করবে এবং তাকে তার যোগ্যতা অনুযায়ী গুরুত্বপূর্ণ ও সম্মানজনক পদে পদায়ন দেবে।

নজমুল হোসেন দিদারের মতো একজন অভিজ্ঞ ও ত্যাগী কর্মকর্তার দীর্ঘদিন অবমূল্যায়িত থাকা শুধু তার ব্যক্তিগত ক্ষতিই নয়, বরং রাষ্ট্রীয় ব্যবস্থার জন্যও একটি বড় ক্ষতি। সংশ্লিষ্ট মহলের প্রত্যাশা, ন্যায়বিচার ও পেশাগত স্বীকৃতির ভিত্তিতে তার প্রতি সুবিচার নিশ্চিত করা হবে এবং তার মতো যোগ্য কর্মকর্তারা ভবিষ্যতে আরও উৎসাহের সঙ্গে দেশসেবায় আত্মনিয়োগ করবেন।